



অভাবের কারণে মাত্র ১১ বছর বয়সে পড়াশোনার পথ থেকে সরে যেতে হয় নিলুফা বেগমকে। নারায়ণগঞ্জের রূপগঞ্জের পূর্বখামের মোঃ বদরুল আলমের সঙ্গে বিয়ে হয় ২০ বছর বয়সে। স্বামীর গরুর খামার থাকলেও আর্থিকভাবে স্বচ্ছল হতে পারছিলেন না বদরুল-নিলুফা দম্পতি। এ অভাবের মধ্যেই সংসারে নতুন অতিথি হয়ে আসে একটি মেয়ে সন্তান। পরবর্তীতে আরো দুই কন্যা সন্তানের জন্ম দেন তিনি। পাঁচজনের সংসারে ভরণপোষণ চালাতে গিয়ে হিমশিম খেতে হচ্ছিল তাঁদের। তাই আর্থিক দৈন্য কাটিয়ে ঘুরে দাঁড়াতে ২০১৯ সালে মানবিক সাহায্য সংস্থা-এর 'মহিলা ঋণদান কর্মসূচি'-এর সঙ্গে যুক্ত হন নিলুফা।

গত তিন বছরে মোট তিনবার ঋণ নিয়ে নিলুফা তাঁর স্বামীর গরুর খামারে অর্থ লগ্নি করেন যেখানে বর্তমানে তাঁদের ব্যবসায়ের মূলধনের পরিমাণ ১০ লাখ টাকা। দুজনের অধ্যবসায় ও পরিশ্রমের ফলে ব্যবসা থেকে তাঁদের মাসিক আয় হয় ৭০ থেকে ৮০ হাজার টাকা। ঋণের কিস্তি পরিশোধের পাশাপাশি তিনি প্রতি মাসে কিছু টাকা সঞ্চয়ও করেন। তাঁদের খামারে নিয়মিত বেতনে ২-৩ জন শ্রমিক কাজ করছেন। এছাড়া আগে নিলুফা টিনের ঘরে বসবাস করলেও পরিবারের আয় বৃদ্ধি পাওয়ায় একতলা পাকা বাড়ি তৈরি করেছেন।

৪নং জোনের অন্তর্ভুক্ত ডেমরার ১১৩নং শাখার ৫৭নং কেন্দ্রের সদস্য নিলুফা বলেন, “আমি গরুর খামারের ব্যবসা আরো সম্প্রসারণ করতে চাই। তাই আরো বড় পরিসরে ব্যবসা করার চিন্তা-ভাবনা করছি। এতে আমাদের সংসারে আর্থিক স্বচ্ছলতার পাশাপাশি অনেকের কর্মসংস্থানেরও সুযোগ সৃষ্টি হবে। পরিবারে স্বচ্ছলতা ফিরিয়ে আনতে সবসময় আমাদের পাশে থাকার জন্য এমএসএস-এর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি।”

এটি মানবিক সাহায্য সংস্থা'র মিডিয়া অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স ইউনিটের একটি প্রকাশনা  
সেল সেন্টার (৪র্থ তলা), ২৯ পশ্চিম পাছপথ, ঢাকা -১২০৫

## রাজশাহী জেলায় এমএসএস-এর ১৫৩তম ও ১৫৪তম মহিলা ক্ষুদ্র ঋণ শাখা উদ্বোধন



রাজশাহী জেলায় মানবিক সাহায্য সংস্থা (এমএসএস)-এর ১৫৩তম ও ১৫৪তম মহিলা ক্ষুদ্র ঋণ শাখার উদ্বোধন করা হয়েছে। গত ০৬ এপ্রিল, ২০২২ তারিখে রাজশাহীর তানোর উপজেলার আমসু এলাকায় এবং ০৭ এপ্রিল, ২০২২ তারিখে বাঘা উপজেলায় শাখা দুটির উদ্বোধন করা হয়।

এমএসএস-এর মহিলা ঋণদান কর্মসূচির আওতায় উক্ত শাখা দুটির উদ্বোধনী অনুষ্ঠানে বিভিন্ন পর্যায়ের উদ্যোক্তাদের মধ্যে মোট ৭১ লাখ ৫০ হাজার টাকার ঋণ প্রদান করা হয়েছে।

শাখা দুটির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এমএসএস-এর নির্বাহী পরিচালক জনাব মুনাওয়ার রেজা খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্থার উপ-পরিচালক (মাইক্রো-এন্টারপ্রাইজ) জনাব সরদার সাহিদুল কবীর। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রাজশাহী জোনের জোনাল ম্যানেজার জনাব অনিমেশ চন্দ্র আচার্য্য। এছাড়া অনুষ্ঠানে এমএসএস-এর সহকারী পরিচালক জনাব আবুল কালাম আজাদসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।



## বিজিএমইএ-এর সভাপতির সঙ্গে এমএসএস প্রতিনিধিদলের সাক্ষাৎ



তৈরি পোশাকশিল্প মালিকদের সংগঠন বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএমইএ)-এর নতুন সভাপতি জনাব ফারুক হাসানের সঙ্গে মানবিক সাহায্য সংস্থা (এমএসএস)-এর একটি প্রতিনিধি দল সাক্ষাৎ করেছেন।

গত ২৮ এপ্রিল, ২০২২ তারিখে জায়ান্ট গ্রুপের কর্পোরেট অফিসে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।

এমএসএস প্রতিনিধি দলের পক্ষে সংস্থার উপদেষ্টা জনাব তারিকুল গনি, নির্বাহী পরিচালক জনাব মুনাওয়ার রেজা খান, অর্থ ও হিসাব বিভাগের প্রধান জনাব আব্দুল হালিমসহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

উক্ত মিটিংয়ে বিজিএমইএ-এর সভাপতি ও জায়ান্ট গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক ফারুক হাসানের নিকট এমএসএস-এর সার্বিক কর্মকান্ড তুলে ধরা হয়। এছাড়া বিজিএমইএ-এর সঙ্গে একত্রে কীভাবে এমএসএস কাজ করতে পারে সে বিষয়ে সংক্ষিপ্ত পরিসরে আলোচনা হয়।

## নতুন ৩টি প্রাক-প্রাথমিক বিদ্যালয় চালু করেছে মানবিক সাহায্য সংস্থা



একটি দেশ ও জাতির সার্বিক উন্নয়নের অন্যতম শর্ত হলো শিক্ষা। এ বাস্তবতার আলোকে সারাদেশে দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে অর্থনৈতিক উন্নয়নের পাশাপাশি দরিদ্র জনগোষ্ঠীর সামাজিক উন্নয়ন যেমন- স্বাস্থ্য ও শিক্ষার

উন্নয়নে কাজ করছে মানবিক সাহায্য সংস্থা (এমএসএস)।

এমএসএস-এর এ ধারাবাহিক উদ্যোগের অংশ হিসেবে গত ১৬ এপ্রিল, ২০২২ তারিখে নীলফামারীর সৈয়দপুরে ২টি এবং রংপুরের তারাগঞ্জে ১টি সহ মোট তিনটি শিশুকানন প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের যাত্রা শুরু হয়। প্রতিটি স্কুলে ২০ জন করে মোট ৬০ জন শিক্ষার্থীকে ভর্তি করা হয়। এসব বিদ্যালয়ের মূল লক্ষ্য হলো প্রাক-প্রাথমিক থেকে প্রাথমিক বিদ্যালয়ে প্রবেশগম্যতা বৃদ্ধির জন্য শিশুদের (৪-৬ বছর) প্রস্তুতকরণ এবং তাদের সামাজিক, মানসিক এবং জ্ঞানীয় বিকাশে অবদান রাখা।